তারিখ : 26 JAN 2016
পৃষ্ঠা 2 কলাম 4

দৈনিক ইত্তেফাক

# এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে পহেলা ফেব্রুয়ারি

## পরীক্ষার্থী ১৬ লাখ ৬৯,৩১৭

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ১ ফেব্রুয়ারি শুরু হচ্ছে এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষা। এবারের পরীক্ষায় ৩ হাজার ২০৩টি কেন্দ্রে ১৬ লাখ ৬৯ হাজার ৩১৭ জন পরীক্ষার্থী অংশ নেবে।

গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় মনিটরিং কমিটি এ তথ্য জানানো হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সভায় সভাপতিত্ব করেন। মন্ত্রী পাবলিক পরীক্ষার সময় প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ানো রোধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। তিনি বলেন, একটি স্বার্থান্বেষী মহল সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করতে পাবলিক পরীক্ষার সময় প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ায়। এ ধরনের দুষ্ট চক্র নিজেদের বানানো প্রশ্নপত্র ফেসবুকের মাধ্যমে ছড়িয়ে কোমলমতি শিক্ষার্থীদের বিভ্রান্ত করে, তাদের মনোবল নষ্ট করে দিয়ে পরীক্ষা প্রস্তুতিতে ব্যাঘাত ঘটায়। এসব অশুভ চক্রের পরিচালিত পরীক্ষার পরিবেশ ব্যাঘাত সৃষ্টিকারী প্রচারণায় বিভ্রান্ত না হওয়ার জন্য মন্ত্রী পরীক্ষার্থী ও অভিভাবকদের প্রতি আহ্বান জানান। মন্ত্রী একইসাথে কোচিং সেন্টারসহ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের চেষ্টা চালাতে পারে এমন সব চক্রকে কঠোর নজরদারিতে রাখার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের নির্দেশ দেন। সভায় অতিরিক্ত সচিব এএস মাহমুদ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুন, বিভিন্ন শিক্ষাবোর্ডের চেয়ারম্যানরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, প্রত্যেকটি বিষয়ে পরীক্ষায় প্রথমে বহু নির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মাঝে ১০ মিনিট বিরতি থাকবে। আগে, সৃজনশীল পরীক্ষার পর বহুনির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হতো।